**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 09-07-2026**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

## Destination Tripura Business Conclave :

দু'দিনব্যাপী ডেস্টিনেশন ত্রিপুরা-বিজনেস কনক্লেভ-২০২৬ আজ থেকে হাঁপানিয়ার আন্তর্জাতিক মেলা প্রাঙ্গণে শুরু হবে৷ মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বিজনেস কনক্লেভের উদ্বোধন করবেন৷ উপস্থিত থাকবেন কেন্দ্রীয় উত্তর-পূর্ব উন্নয়ন মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়া| কেন্দ্রীয় শিল্প বানিজ্য মন্ত্রী পীযুষ গোয়েল নয়াদিল্লি থেকে ভার্চুয়ালি এই কনক্লেভে অংশ গ্রহণ করবেন|

*********************

## PM :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী তাঁর তিন দেশ সফরের দ্বিতীয় পর্বে গতকাল সন্ধ্যায় অস্ট্রেলিয়ার মেলবোর্নে পৌঁছেছেন। সামাজিক মাধ্যমে প্রধানমন্ত্রী বলেছেন, তিনি অস্ট্রেলীয় প্রধানমন্ত্রী অ্যান্টনি অ্যালবানিজের সঙ্গে আলোচনার জন্য উন্মুখ হয়ে আছেন। উল্লেখ্য,এই সফরকালে শ্রী মোদী তৃতীয় ভারত-অস্ট্রেলিয়া বার্ষিক শীর্ষ সম্মেলনে অংশগ্রহণ করবেন। তিনি ভারত-অস্ট্রেলিয়া সিইও ফোরামেও অংশ নেবেন, যেখানে তিনি উভয় দেশের শীর্ষস্থানীয় ব্যবসায়ী নেতাদের সমাবেশে ভাষণ দেবেন।এর আগে, জাকার্তায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং ইন্দোনেশিয়ার রাষ্ট্রপতি প্রাবোও সুবিয়ান্তো সব ধরনের সন্ত্রাসবাদকে কঠোরভাবে নিন্দা করে তা মোকাবিলায় আন্তর্জাতিক আইন অনুযায়ী সমবেত পদক্ষেপের আহ্বান জানিয়েছেন। দুই শীর্ষ নেতার বৈঠকের পর যৌথ বিবৃতিতে এই কথা জানানো হয়েছে।

*********************

**CM-Taxes Organisation :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, রাজ্যে জি.এস.টি সংগ্রহের পরিমাণ বেড়েছে| ২০২৫-২৬ অর্থবছরে মোট ৬৪৬ কোটি ২২ লক্ষ টাকা স্টেট্ জি.এস.টি সংগ্রহ করা হয়েছে। ২০২৪-২৫ অর্থবছরে তা ছিল ৫৭৪ কোটি ৬২ লক্ষ টাকা। আগরতলার প্রজ্ঞাভবনে গতকাল ট্যাক্সেস অর্গানাইজেশনের ৫০ বছর পূর্তি উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে তিনি একথা বলেছেন।

***********************

**Flood Situation :**

গত দুদিনের প্রবল বর্ষণে খোয়াই ও ধলাই জেলার বিভিন্ন নদীর জলস্তর বেড়ে গেছে| এরফলে বহু নিম্নাঞ্চল প্লাবিত হয়েছে। প্রশাসনের উদ্যোগে বিভিন্ন স্থান থেকে জলবন্দি মানুষকে উদ্ধার করে ত্রাণ শিবিরে রাখা হয়েছে| খোয়াই নদীতে গতকাল অব্দি জলস্তর ছিল ৫.২ মিটার৷ খোয়াই মহকুমার ডেপুটি কালেক্টর জানিয়েছেন, প্রাকৃতিক বিপর্যয় মোকাবিলায় প্রশাসন সম্পূর্ণ প্রস্তুত রয়েছে৷ ধলাই জেলায় ধলাই ও মনু নদীর জলস্তর বৃদ্ধি পেয়েছে বলে মহকুমার প্রশাসন সূত্রে জানা গেছে| বিভিন্ন স্থান থেকে জলবন্দি পরিবারগুলিকে উদ্ধার করে অঙ্গনওয়াড়ি কেন্দ্র, মনু টাউন হল সহ ৩টি ত্রাণ শিবিরে রাখা হয়েছে| এদিকে, বামুটিয়া বিধানসভা এলাকার অন্তর্গত বৃন্দাবন চৌমুহনী এলাকায় গতকাল বিকেলে আচমকা ঘূর্ণিঝড়ে কিছু ক্ষয়ক্ষতির সংবাদ পাওয়া গেছে| ঘটনার খবর পেয়ে বিধায়ক নয়ন সরকার দ্রুত ক্ষতিগ্রস্ত এলাকা পরিদর্শনে যান এবং ক্ষতিগ্রস্ত পরিবারগুলির সঙ্গে কথা বলেন|

********************

**MPACS -Jolaibari:**

সমবায় মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া জোলাইবাড়িতে গতকাল  মা দুর্গা বহুমুখী সমবায় সমিতির একটি নতুন ব্যবসা কেন্দ্রের উদ্বোধন করেন। জোলাইবাড়ি সামাজিক স্বাস্থ্যকেন্দ্র সংলগ্ন ১০৮ নম্বর  জাতীয় মহাসড়কের পাশে খোলা হয়েছে এই ব্যবসা কেন্দ্রটি।

*****************

**South District Road Safety Task Force:**

দক্ষিণ জেলায় ৮ ও ১০৮ ( এ) জাতীয় মহাসড়কের  দুর্ঘটনাপ্রবণ ও ঝুঁকিপূর্ণ সড়ক এলাকা গতকাল পরিদর্শন করেছেন  জেলা সড়ক নিরাপত্তা টাস্ক ফোর্সের চেয়ারম্যান জেলা শাসক মহম্মদ সাজ্জাদ পি,অতিরিক্ত পুলিশ সুপার সুমন মজুমদার, জাতীয় মহাসড়ক ও পরিকাঠামো উন্নয়ন কর্পোরেশন লিমিটেডের ডেপুটি জেনারেল ম্যানেজার মহেশ শর্মা সহ টাস্ক ফোর্সের সদস্যরা। জেলা শাসক আকাশবানীকে জানান, সড়ক দুর্ঘটনা কমানো এবং নিরাপদ যাতায়াত নিশ্চিত করার লক্ষ্যে জাতীয় সড়কের একাধিক গুরুত্বপূর্ণ স্থান যৌথভাবে পরিদর্শন করেছেন তারা।

************************

**Indian Army :**

আগরতলা মিলিটারি স্টেশনে ভারতীয় সেনাবাহিনীর উদ্যোগে প্রাক্তন সেনাকর্মীদের নিয়ে গতকাল এক বিশেষ বৈঠক অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে ৫০ জনেরও বেশি প্রাক্তন সেনাকর্মী, বীর নারী, শহিদ সেনাদের পরিবারের সদস্য, ভেটেরান্স কল্যাণ আধিকারিক এবং সামরিক প্রতিষ্ঠানের প্রতিনিধি অংশ নেন। ভারতীয় সেনা বাহিনীর 101  এরিয়ার জেনারেল অফিসার কমান্ডিং-এর সভাপতিত্বে অনুষ্ঠিত এই বৈঠকে প্রাক্তন সেনাদের স্বাস্থ্যসেবা, কর্মসংস্থান ও কল্যাণমূলক বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হয়।

********************

**Weather :**

আবহাওয়া দপ্তর থেকে আগামী ২৪ ঘন্টায় বজ্রবিদ্যুত সহ হালকা থেকে মাঝারী বৃষ্টিপাতের সম্ভাবনার পাশাপাশি রাজ্যের সমস্ত জেলায় ভারী বর্ষণের পূর্বাভাস দিয়েছে। আজ  দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫.২ ডিগ্রি সেলসিয়াস।সকাল সাড়ে ৫টা পর্যন্ত পরিমাপযোগ্য বৃষ্টিপাত ৫৮.১ মিলিমিটার |

***********************

********************